প্রতিবাদের মাঝেও ধর্ষণের শিকার ৬ শিশুসহ ১৪ জন

ধর্ষণের বিরুদ্ধে দেশজুড়ে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ হচ্ছে। দাবি উঠেছে ধর্ষকের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের। সরকারও এ বিষয়ে আইন করার কথা ভাবছে। এর মধ্যেও বিভিন্ন স্থান থেকে ছয় শিশুসহ ১৪ জনকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। যশোর ও চট্টগ্রামে দুজনকে সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে গত বৃহস্পতিবার রাতে। অন্য নির্যাতিতদের মধ্যে দুজন অন্তঃসত্ত্বা হয়ে পড়েছে। সন্তানের পিতৃত্বের দাবিতে পুলিশ ও জনপ্রতিনিধিদের দুয়ারে দুয়ারে ঘুরছেন এক নারী।

সাভার ও আশুলিয়ায় চার শিশু ও এক নারীকে ধর্ষণ, গ্রেপ্তার ৭
ঢাকার সাভার ও আশুলিয়ায় পৃথক স্থানে চারটি শিশু ও এক গৃহবধূ ধর্ষণের শিকার হওয়ার অভিযোগ পাওয়া গেছে। এর মধ্যে আশুলিয়ায় গত ৬ অক্টোবর তিন শিশুকে ধর্ষণের অভিযোগে হেলাল উদ্দিন শেখ (৫৭) নামের এক ব্যক্তিকে, আশুলিয়ায় এক গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে পাঁচজনকে এবং সাভারের নামা গেণ্ডায় ১২ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগে জিয়ারুল নামের এক ব্যক্তিকে বৃহস্পতিবার রাতে আটক করেছে পুলিশ।

ভুক্তভোগী পরিবারের বরাতে আশুলিয়া থানার উপপরিদর্শক জয়ন্ত কুমার সাহা জানান, আশুলিয়ার তৈয়বপুরের উত্তর মোল্লাপাড়ায় বাড়িওয়ালা হেলাল উদ্দিন শেখ ময়মনসিংহের গফরগাঁওয়ের ছয়ানী রসুলপুর গ্রামের মৃত ফয়েজ উদ্দিনের ছেলে। তৈয়বপুরে তাঁর বসবাস। গত ৬ অক্টোবর তিনি এক শ্রমিক দম্পতির দুই মেয়েশিশু ও আরেক শিশুকে মজাদার খাবার কিনে দেওয়ার কথা বলে তাঁর ঘরে ডেকে নিয়ে ধর্ষণ করেন। পরে হেলাল ভয়ভীতি দেখিয়ে ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চালান।

আশুলিয়ায় গৃহবধূকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে আটককৃতরা হলেন রাজশাহীর রাজপাড়া থানার শ্রীরামপুর গ্রামের মোহাম্মদ শেখের ছেলে সাইফুল ইসলাম (১৮), আশুলিয়ার রুস্তমপুরের কৃষ্ণ সাহার ছেলে পাপ্পু সাহা (১৯), একই এলাকার মনোরঞ্জন সাহার ছেলে মিলন (২২), সনাতন সাহার ছেলে জ্যোতির্ময় সাহা (১৯) এবং অদম সরকারের ছেলে অন্তর (২০)।

পুলিশ জানায়, গত ২৪ সেপ্টেম্বর এক পূর্বপরিচিত গৃহবধূকে ঢাকার মিরপুর থেকে রুস্তমপুরে ডেকে আনেন সাইফুল। পরে তাঁকে এলাকার জঙ্গলে নিয়ে সাইফুলসহ সাত বন্ধু ধর্ষণ করেন। গৃহবধূ প্রথমে রাজধানীর দারুস সালাম থানায় ও পরে বৃহস্পতিবার সন্ধ্যায় আশুলিয়া থানায় অভিযোগ করেন। আটককৃতরা জিজ্ঞাসাবাদে ওই নারীকে ধর্ষণের কথা স্বীকার করেছেন। নির্যাতিত পাঁচজনকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের ওসিসিতে ও আটককৃতদের গতকাল শুক্রবার আদালতে পাঠিয়েছে পুলিশ।

চট্টগ্রামে ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার ৮
চট্টগ্রাম নগরের মৌলভী পুকুরপাড় এলাকায় এক নারীকে (২২) রিকশা থেকে নামিয়ে সংঘবদ্ধভাবে ধর্ষণের অভিযোগে এক নারীসহ আটজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার গভীর রাতে এলাকার এক গলিতে এ ঘটনা ঘটে।

নগর পুলিশের উপকমিশনার (উত্তর) বিজয় বসাক গতকাল সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। গ্রেপ্তারকৃতরা হলেন জাহাঙ্গীর আলম, ইউসুফ, রিপন, সুজন, দেবু বড়ুয়া প্রকাশ জোবায়ের, শাহেদ, রিন্টু দত্ত প্রকাশ বিপ্লব ও মনোয়ারা বেগম। জাহাঙ্গীর, ইউসুফ, বিপ্লব ও দেবু পেশায় অটোরিকশাচালক।

বিজয় বসাক বলেন, ‘ভিকটিম নারী বৃহস্পতিবার রাত ৯টার দিকে রাঙ্গুনিয়ার গ্রামের বাড়ি থেকে চট্টগ্রাম শহরে নিজ বাসার উদ্দেশে সিএনজি অটোরিকশাযোগে রওনা হন। রাত ১১টার দিকে কাপ্তাই রাস্তার মাথায় অটোরিকশা থেকে নেমে বাসার উদ্দেশে রিকশায় ওঠেন। পথে মৌলভী পুকুর এলাকায় ৮-১০ জন তাঁকে রিকশা থেকে নামিয়ে টেনেহিঁচড়ে আরকান সড়কের মৌলভী পুকুর পারের একটি গলিতে ডাস্টবিনের পাশে নিয়ে ধর্ষণ করে। পরে ভিকটিমকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখান থেকে চান্দগাঁও থানায় ঘটনাটি জানানো হয়। এ ঘটনায় ভুক্তভোগী থানায় মামলা করেছেন।’

গ্রেপ্তার দেবু বড়ুয়া বলেন, ‘পুলিশের সোর্স সুমন এই ঘটনার হোতা। আমরা একই স্ট্যান্ডে সিএনজি চালাই। করোনার সময় গত দুই মাস আগে ওই নারী আমাদের এক বন্ধুর কাছ থেকে দুই হাজার টাকা নিয়ে যান। বৃহস্পতিবার রাতে কাপ্তাই রাস্তার মাথা এলাকায় ওই নারীকে দেখে সুমন আমাদের ডাক দেয়। পরে আমরা তার সঙ্গে আসি। মৌলভী পুকুর পার এলাকায় আমরা ওই নারীকে আটকিয়ে সেই টাকা উদ্ধারের চেষ্টা করি। তখন তাঁর সঙ্গে একটি ছেলে ছিল। টাকার জন্য আমরা তাদের মারধর করে

বাসায় চলে যাই। সকালে সুমন রাতের বিষয়ে কথা বলবে বলে বাসায় পুলিশ নিয়ে আসে। এরপর পুলিশ এসে আমাকে ধরে নিয়ে যায়।’

তবে বিজয় বসাক বলেন, ‘আমরা নিশ্চিত হয়েই তাদের গ্রেপ্তার করেছি। ভিকটিম মহিলাকে আমরা ছবিগুলো দেখিয়েছি।’

বাসে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ
যশোর সদর উপজেলার বকচর এলাকায় বৃহস্পতিবার রাতে এমকে পরিবহনের একটি যাত্রীবাহী বাসে এক তরুণী যাত্রীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় অভিযুক্ত মনিরকে আটক করা হয়েছে। একইসঙ্গে পাঁচ পরিবহন শ্রমিককে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যায় পুলিশ। পুলিশ বলছে, এটি সংঘবদ্ধ ধর্ষণের ঘটনা নয়। তবে বাসটি জব্দ ও ভুক্তভোগী তরুণীকে উদ্ধার করেছে পুলিশ।

তরুণী সাংবাদিকদের জানান, বৃহস্পতিবার বিকেলে রাজশাহী থেকে যশোরে আসার উদ্দেশে তিনি বাসে ওঠেন। এরপর ঘুমিয়ে পড়েন। পরে তাঁকে বাসে তিনজন ধর্ষণ করেন।

নলছিটিতে অপহরণের পর ধর্ষণের অভিযোগ
ঝালকাঠির নলছিটিতে এক তরুণীকে অপহরণের পর ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় বৃহস্পতিবার রাতে পাঁচ যুবকের নামে মামলা করেছেন মেয়েটির মা। পুলিশ জানায়, নলছিটি শহরের ফেরিঘাট এলাকার নাসির হাওলাদারের ছেলে হাসান হাওলাদারের সঙ্গে ওই তরুণীর প্রেমের সম্পর্ক ছিল। গত বুধবার সন্ধ্যায় হাসানের কথায় মেয়েটি দেখা করতে বাসার সামনে বের হন। তখন হাসান তাঁকে জোর করে কপালবেড়া গ্রামে আত্মীয় জনি সিকদারের বাড়িতে নিয়ে ধর্ষণ করেন। এতে সহযোগিতা করেন জনি সিকদার, রাব্বি, নাঈম ফকির ও সাব্বির।

বন্ধুকে দিয়ে স্ত্রীকে ধর্ষণ! স্বামী গ্রেপ্তার
জামালপুরের বকশীগঞ্জের নিলাক্ষিয়া ইউনিয়নের বিনোদের চর গ্রামে গত বুধবার রাতে বন্ধুকে দিয়ে নিজের স্ত্রীকে ধর্ষণের অভিযোগে করা মামলার আসামিকে গতকাল গ্রেপ্তার করেছে পুলিশ। প্রধান আসামি গ্রেপ্তারকৃতের বন্ধু মোশারফ পলাতক। ভুক্তভোগী বৃহস্পতিবার রাতে বকশীগঞ্জ থানায় মামলাটি করেন।

সিপতার বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ
টাঙ্গাইলের ঘাটাইলের হামিদপুরে গত ৬ অক্টোবর রাতে এক মাদরাসা শিক্ষার্থী কিশোরীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে সিপতার বিরুদ্ধে। এ ঘটনায় কিশোরীর মা গত বৃহস্পতিবার ঘাটাইল থানায়

মামলা করেছেন। ভুক্তভোগী আদালতে ২২ ধারায় জবানবন্দি দিয়েছে।

ভগ্নিপতির ধর্ষণে অন্তঃসত্ত্বা
ময়মনসিংহের ভালুকা উপজেলার ধীতপুর ইউনিয়নে দুলাভাইয়ের ধর্ষণে পঞ্চম শ্রেণির এক ছাত্রী অন্তঃসত্ত্বা হয়ে পড়ার অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় গত বৃহস্পতিবার মেয়েটির বোন অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে ভালুকা মডেল থানায় মামলা করেছেন। পরে অভিযুক্তকে গ্রেপ্তার করে আদালতে পাঠিয়েছে পুলিশ। তাঁর বাড়ি ঈশ্বগঞ্জের রাজিবপুর ইউনিয়নের বিঘাগ্রা গ্রামে।

আ. লীগ নেতাসহ গ্রেপ্তার ৪
প্রবাসীর স্ত্রীকে ধর্ষণের মামলায় আসামি গোলজার হোসেন নামে এক আওয়ামী লীগ নেতাকে বুধবার রাতে গ্রেপ্তার করেছে পাবনার চাটমোহর থানা পুলিশ। গোলজার নাটোরের বড়াইগ্রাম উপজেলার জোনাইল ইউনিয়নের নাজিরপুর গ্রামের মোতালেব হোসেনের ছেলে ও জোনাইল ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। অন্যদিকে রাজশাহীর বাঘায় বিয়ের প্রতিশ্রুতি দিয়ে গৃহবধূকে ধর্ষণ মামলার আসামি বাদশা আলমকে বৃহস্পতিবার রাতে বাগাতীপাড়া থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। অন্তঃসত্ত্বা ওই নারী এ ঘটনায় গত ২৯ সেপ্টেম্বর বাঘা থানায় ধর্ষণ মামলা করেন।

নোয়াখালীর হাতিয়া উপজেলায় এক নারীকে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণের অভিযোগে গতকাল এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। এদিনই ভুক্তভোগী নারী হাতিয়া থানায় মামলা করেন। গ্রেপ্তার ইউছুফ ডুবাই উপজেলার হরনী ইউনিয়নের আনিস মিয়ার ছেলে।

পৃথক ঘটনায় ফেনীর সোনাগাজীতে স্কুলছাত্রীকে গত ১ অক্টোবর ধর্ষণের অভিযোগে বৃহস্পতিবার রাতে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার তমিজ উদ্দিন মতিগঞ্জ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

সন্তানের পিতৃত্বের দাবিতে কাঁদছেন মা!
কুড়িগ্রামের রাজীবপুরে এক নারী (২০) তাঁর এক মাস বয়সী সন্তানের পিতৃত্বের দাবিতে থানার পুলিশ, চেয়ারম্যান ও সমাজের মাতাবরদের দ্বারে দ্বারে ঘুরছেন। গত ১ জুন থানায় মামলা করেও সরকারি দলের প্রভাব ও অর্থের কাছে হার মানতে হচ্ছে—এমন আশঙ্কা করে গতকাল সাংবাদিকদের কাছে এসে কান্নায় ভেঙে পড়েন তিনি। এ ঘটনায় অভিযুক্ত সিরাজদ্দৌলা (৪৭) রাজীবপুর সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক

সভাপতি, বড়াইডাঙ্গি গ্রামের বাসিন্দা ও সার ব্যবসায়ী। ভুক্তভোগীর অভিযোগ, তিনি সিরাজদ্দৌলার বাড়িতে কাজ করার সময় তাঁর ধর্ষণে অন্তঃসত্ত্বা হয়ে পড়েন। এক মাস আগে তিনি সন্তান জন্ম দেন। সিরাজদ্দৌলা গত মঙ্গলবার আদালত থেকে জামিনে এসে নির্যাতিত পরিবারটিকে মামলা তুলে মীমাংসার জন্য চাপ দিচ্ছেন বলে জানা গেছে।

তবে সিরাজদ্দৌলা বলেন, ‘প্রতিবেশীদের সঙ্গে জমি নিয়ে বিরোধ ছাড়াও রাজনৈতিক প্রতিপক্ষরা মেয়েটিকে দিয়ে আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেছে।’

রাজীবপুর থানার ওসি বলেন, তদন্ত কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। অভিযোগের সত্যতা পাওয়া গেছে। সূত্র- কালের কন্ঠ

পদ্মা সেতুর ৩২তম স্প্যান বসছে আজ

দীর্ঘ চার মাস পরে আজ শনিবার পদ্মা সেতুর ৩২তম স্প্যান বসছে। সবকিছু অনুকূলে থাকলে ‘১বি’ নামের এই স্প্যানটি বসানো হবে মুন্সীগঞ্জের মাওয়া প্রান্তের পদ্মা সেতুর ৪ ও ৫ নাম্বার পিলারের উপর।

এটি বসানো হলে পদ্মা সেতুর দৈর্ঘ্য দাঁড়াবে ৪ হাজার ৮০০ মিটার বা প্রায় ৫ কিলোমিটার।

গত আগস্ট-সেপ্টেম্বর মাসে ৫টি স্প্যান খুঁটির ওপর বসানোর লক্ষ্য ছিল। তবে মাওয়া প্রান্তের মূল পদ্মায় প্রচণ্ড স্রোত থাকায় একটি স্প্যানও বসানো সম্ভব হয়নি। এখন পদ্মায় বন্যার পানি কমে যাওয়ার সঙ্গে সঙ্গে স্রোতের তীব্রতাও স্বাভাবিক গতিতে ফিরেছে। ফলে পদ্মা সেতুর নির্মাণ কাজেও গতি ফিরেছে।

৬ দশমিক ১৫ কিলোমিটার দৈর্ঘ্যের দ্বিতল পদ্মা সেতুতে মোট ৪২টি খুঁটি নির্মাণ করা হচ্ছে। এর মধ্যে মাওয়া প্রান্তে ২১টি ও জাজিরা প্রান্তে ২১টি। আর ৪২টি খুঁটির ওপর বসবে ৪১টি স্প্যান।

কুষ্টিয়ায় দু’পক্ষের সংঘর্ষে একজন নিহত, আহত ৩০

কুষ্টিয়ায় গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে দুই গ্রুপের সংঘর্ষে ফরিদ হোসেন (৪৫) নামে একজন নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন কমপক্ষে ৩০ জন।

শনিবার সকালে সদর উপজেলার ভবানীপুরে এ ঘটনা ঘটে। এসময় বেশ কছিু বাড়িতে ভাঙচুর ও লুটপাট করা হয়।

স্থানীয়রা জানান, গত সপ্তাহে একজনকে মারধরের ঘটনায় স্থানীয় আওয়ামী লীগ নেতা লিয়াকত আলী বাদশা-রেজা মন্ডল পক্ষের সঙ্গে রাশিদুল-লাবু শকাতি পক্ষের লোকজনদের মধ্যে বিরোধ হয়।

শনিবার সকালে রাশিদুল ও শকাতি পক্ষের লোকজন বাদশা এবং রেজা মন্ডলের বাড়ি ঘিরে ভাঙচুর শুরু করলে দুইপক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। এতে দেশীয় অস্ত্রের আঘাতে উভয়পক্ষের অন্তত ৩০ জন আহত হয়।

আহত ফরিদ হোসেনকে হাসপাতালে নেওয়ার পথেই মারা যান। নিহত ফরিদ ময়েন ফারাজির ছেলে ও রাশিদুল-লাবু শকাতি পক্ষের সমর্থক। কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। ওই গ্রামে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

ফের বিস্ফোরণে কেঁপে উঠল বৈরুত, নিহত ৪

আবারও বিস্ফোরণের ঘটনা ঘটেছে লেবাননের বৈরুতে। এতে অন্তত ৪ জনের প্রাণহানি হয়েছে। আহত হয়েছে আরও অর্ধশত। খবর সিনহুয়া, ডেইলি

সাবাহ ও আল-জাজিরার।

চলতি বছরের আগস্টের ভয়াবহ ঘটনার ক্ষত না শুকাতেই ফের বিস্ফোরণের ঘটনা ঘটল বৈরুতে।

শুক্রবার বৈরুতের তারিক-আল-জিদে জেলায় একটি জ্বালানি ট্যাংকে আগুন লাগার পর এই বিস্ফোরণ ঘটে।
ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির এক প্রতিবেদনে বলা হয়েছে, ভবনগুলোতে আটকে থাকা বাসিন্দাদের উদ্ধারের জন্য বড় মই ব্যবহার করছেন দমকল বাহিনীর কর্মীরা।

বিস্ফোরণের শব্দে এলাকাবাসী আতঙ্কিত হয়ে পড়েছে। স্থানীয় একজন নারী এক টুইট বার্তায় লেখেন, শব্দ আর ঘরের কাঁপুনিতে আমরা সবাই আতঙ্কিত হয়ে পড়েছিলাম। যে গলিতে আমি থাকি, সেখানকার সবাই চিৎকার করছিল। আমার পুরোনো ঘটনা মনে পড়ছিল।

এর আগে গত ৪ আগস্ট বৈরুত বন্দরের একটি গুদামে আগুন লাগার পর ভয়াবহ বিস্ফোরণে প্রাণ হারায় প্রায় দু’শ মানুষ এবং আহত হয় অন্তত সাড়ে ছয় হাজার। সেখানে ক্ষয়ক্ষতির পরিমাণ কয়েক বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে।

অবশেষে যুদ্ধবিরতিতে সম্মত আজারবাইজান ও আর্মেনিয়া

অবশেষে যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে আজারবাইজান ও আর্মেনিয়া। আজ শনিবার (১০ অক্টোবর) দুপুর থেকে এই যুদ্ধবিরতি কার্যকর হবে। খবর বিবিসি, সিএনএন ও আল-জাজিরার।

শুক্রবার রাশিয়ার মধ্যস্থতায় মস্কোতে অনুষ্ঠিত শান্তি আলোচনায় অংশ নেন আজারবাইজান ও আর্মেনিয়ার পররাষ্ট্রমন্ত্রী। টানা ১০ ঘণ্টার ওই বৈঠকে যুদ্ধবিরতিতে সম্মত হয় দুই দেশ।

এর মধ্য দিয়ে টানা দুই সপ্তাহের ভয়াবহ যুদ্ধের অবসান হতে যাচ্ছে ককেশাস অঞ্চলের এই দুই দেশে।

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছে।

২৭ সেপ্টেম্বর বিতর্কিত নাগরনো-কারাবাখ নিয়ে লড়াই শুরু হয় আজারবাইজান ও আর্মেনিয়ার মধ্যে। নাগরনো-কারাবাখ আজারবাইজানের অঞ্চল হিসেবে আন্তর্জাতিকভাবে স্বীকৃত হলেও এটি দখলে রেখেছে আর্মেনিয়ার মদদপুষ্ট গোষ্ঠী। গত দুই সপ্তাহের সংঘাতে তিন শতাধিক মানুষ নিহত হয়েছে। যুক্তরাষ্ট্র, ফ্রান্স ও রাশিয়া যৌথভাবে সংঘাত অবসানের আহ্বান জানালেও আজারবাইজান তা প্রত্যাখ্যান করে আসছিল। শুক্রবার শেষ পর্যন্ত মস্কোর প্রস্তাবে সাড়া দেয় আজারবাইজান।

জীবননগরে ধর্ষণের বিরুদ্ধে মানববন্ধন ও প্রতিবাদ সভা

সারাদেশে ধর্ষণ রুখে দাও স্লোগানে জীবননগরে মুসুল্লিদের উদ্যোগে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার জুম্মার নামাজের শেষে শহরের প্রতিটি মসজিদের মুসুল্লিগণ একত্রিত হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জীবননগর বঙ্গবন্ধু উন্মুক্তমঞ্চের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জীবননগর পৌর শহরের বিভিন্ন সুধী, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্য, সাংবাদিক, সমাজসেবক, জনপ্রতিনিধি সহ সকল শ্রেনী পেশার মানুষ এ মানববন্ধন অনুষ্ঠানে অংশ গ্রহন করেন।

এ সময় বক্তারা নোয়াখালীর বেগমগঞ্জ, সিলেটের এমসি কলেজসহ দেশের বিভিন্ন প্রান্তের নারী ধর্ষণ, নারীর শ্লীলতাহানি, নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ করেন এবং ধর্ষকের কঠোর বিচার চেয়ে বক্তব্য প্রদান করেন জীবননগর কেন্দ্রীয় জামে মসজিদের খতিব মাওলানা আবুজার গেফারী, পান বাজার মসজিদের খতিম মাওলানা সাইফুল্লাহ, উপজেলা জামে মসদিরে খতিব হাফেজ মিজানুর রহমান, বাসষ্ট্রান্ড মসজিদের খতিব

আক্তারুজ্জামান সহ কেন্দ্রীয় জামে মসজিদের সভাপতি সাইদুর রহমান, কামরুজ্জামান বিদ্যুৎ, আশাদুল হক প্রমুক।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় দল মত নির্বিশেষে ধর্ষণের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান রাখেন সেই সাথে ধর্ষণ বন্ধে তারা আইনের কঠোর প্রয়োগ ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

মেহেরপুরে ধর্ষণের বিরুদ্ধে ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল

ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সুস্থ সমাজের কীট ধর্ষকদের বিরুদ্ধে গর্জে ওঠো বাংলাদেশ নোয়াখালীর বেগমগঞ্জের গৃহবধূকে পাশবিক নির্যাতন কারীদের অবিলম্বে গ্রেপ্তার ও সকল ধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসির দাবিতে মেহেরপুরে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে ইসলামী আন্দোলন মেহেরপুর জেলা শাখার সভাপতি খাদেমুল ইসলাম এর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল টি পালিত হয়।

বিক্ষোভ মিছিলটি কোট মোড় থেকে শুরু করে মেহেরপুর পৌরসভার সামনে এসে সংক্ষিপ্ত বিক্ষোভ মিছিল ও সমাবেশ শেষ হয়।
এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মুফতি আবু বক্কর সিদ্দিক, সহ সহ সভাপতি আপছের আলী, ইসলামী আন্দোলন বাংলাদেশ মুজিবনগর উপজেলা সভাপতি মুফতি তরিকুল ইসলাম, গাংনী উপজেলা সভাপতি ফয়সাল আহাম্মেদ প্রমুখ।

ঝিনাইদহে বিশ্ব ডিম দিবস পালিত

‘প্রতিদিন ডিম খাই, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াই’ এই স্লোগানে ঝিনাইদহে বিশ্ব ডিম দিবস পালিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে শহরের পোষ্ট অফিস মোড়ে এই আয়োজন করে জেলা প্রাণী সম্পদ অধিদপ্তর।

অনুষ্ঠানের মেভেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এ সময় উপস্থিত ছিলেন জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. আনন্দ কুমার অধিকারী, সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. সুব্রত ব্যনার্জী, আকরাম হোসেনসহ প্রাণী সম্পদ কর্মকর্তাবৃন্দ।

ডিম দিবসে সার্বিক সহযোগিতায় ছিলো ম্যানুফ্যাকচারার্স এ্যাসোসিয়েশন অফ ভেটেরিনারি নিউট্রিশন এন্ড প্রিমিক্স, পোল্ট্রি এ্যাসোসিয়েশন ও ভেট এক্সিকিউটিভ।

পরে শহরের পোষ্ট অফিস মোড়, আরাপপুর সহ বিভিন্ন স্থানে মানুষের মাঝে দেড় হাজার সিদ্ধ ডিম বিতরণ করা হয়।

প্রতিবন্ধী পরিবারের পাশে দাড়ালেন ঝিনাইদহের আরিফা ইয়াসমিন লিম্পা

ঝিনাইদহ শহরের সবার পরিচিত মানসিক প্রতিবন্ধী ইঞ্জিলের পরিবার এখন বড়ই অসহায়, ফেইস বুকে এমন একটা পোস্ট দেখে সহযোগীতার হাত বাড়াতে এগিয়ে এলেন আরিফা ইয়াসমিন লিম্পা।

তিনি জানান, হঠাৎ একদিন ফেইসবুক থেকে জানলাম “ঝিনাইদহ সদর উপজেলার ১৪নং ঘাড়শাল ইউনিয়নের ঘোড়শাল মধ্যপাড়া জামে মসজিদের পাশেই মো: আতিয়ার রহমানের একমাত্র মাথা গোঁজার ছোট্ট কুড়ে

ঘরটি আর নেই। আকস্মিক ভাবেই ভেঙ্গে গেছে ঘরটি।

অভাবের তাড়নায় সম্ভব হচ্ছেনা নতুন একটি ঘর তোলার। আতিয়ার রহমানের বড় ছেলে মানসিক রোগি ইঞ্জিল, ছোট ছেলে আজিজুর রহমান সহ পরিবারের ৪ জন সদস্য নিয়ে দৈনিক জীবন সংগ্রামে কোন রকম বেঁচে আছে এ পরিবারটি। করোনা কালীন সময়ে খুবই সংকটাপন্ন অবস্থায় এখন পরিবারটি।

তিনি বলেন, ভাবলাম এসব কাজে অনেক লোক এগিয়ে আসবে কয়েকদিনের মধ্যেই হয়তো তাদের ঘর হয়ে যাবে। কিন্তু কিছুদিন পরও দেখি সেটা হয়নি, ১৫ কি.মি পাড়ি দিয়ে দেখতে গেলাম ঐ গ্রামে। যেয়ে দেখলাম পরিবারটি আসলেই খুব কষ্টে দিনযাপন করছে। গ্রামের সবাই বলেছে ওদের মতো অসহায় ঐ গ্রামে আর কোন পরিবার নেই।

বাসাই ফিরে এসে আমার প্রানের সংগঠন ’৯৯ ব্যাচের বন্ধুদের স্বরন করি। প্রথম থেকেই খুব হতাশ ভাবছিলাম পারবোতো? আল্লাহর কৃপায় একটি ঘর করার জন্য গত ৮অক্টোবর ঢেউটিন আর নগদ কিছু টাকা দিতে পারলাম। আমি আবারো আমার ৯৯ ব্যাচের যে কইজন বন্ধু এগিয়ে এসেছে এবং আমাকে কাজটি করতে সহোযোগিতা করেছে তাদের কাছে চিরকৃতজ্ঞ।

লিম্পা আরও বলেন, আমি ঝিনাইদহ পৌরসভার মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু ভাই এর হাত দিয়ে তাদেরকে সহোযোগিতা করতে পেরে বেজায় খুশি। তিনি মেয়র মহোদয়কে বলেন, ঐ এলাকার চেয়ারম্যান, মেম্বরদের একটু বলতে। তারা যেনো চোখ বন্ধ করে না থেকে এমন অসহায় পরিবারের দিকে একটু সহোযোগিতার হাত বাড়িয়ে দেয়।

এ প্রসঙ্গে মেয়র সাইদুল করিম মিন্টু লিম্পাকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সমাজের বিত্তবানদের এ ধরণের সহযোগীতা মূলক কাজে এগিয়ে আসার আহবান জানান।

গাংনী হাসপাতালে দালাল ঠেকাতে

কর্তৃপক্ষের তৎপরতা

মেহেরপুর গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সাম্প্রতিক সময়ে দালালদের তৎপরতা ও রোগীর টেস্ট করানো নিয়ে কঠোর অবস্থানের সিদ্ধান্ত নিতে যাচ্ছে স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষ। দালাল রুখতে নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং পুলিশ বিভাগে লিখিত আবেদন করা হয়েছে। অপরদিকে চিকিৎসক, স্যাকমো, এমআরদের জন্য নতুন নির্দেশনা দেয়া হয়েছে।

অভিযোগ রয়েছে, গাংনীর চিহ্নিত কয়েকটি ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক তাদের দালাল নিয়োজিত রেখেছে স্বাস্থ্য কমপ্লেক্সে। তারা প্রতিনিয়ত রোগীদেরকে তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে নিয়ে টেস্ট করায়।

স্বাস্থ্য কমপ্লেক্সেও কর্মরত কয়েকজনের বিরুদ্ধে দালালদের সহায়তায় সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। ফলে দালালদের অপতৎপরতা ঠেকাতে কঠোর অবস্থান নিয়েছে কর্তৃপক্ষ। তাদেরকে গ্রেপ্তার ও ভ্রাম্যমাণ আদালতে সাজা নিশ্চিত করণের জন্য ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও গাংনী থানায় লিখিতভাবে জানিয়েছেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল আলম।

এদিকে গাংনী হাসপাতালে চিকিৎসক, স্যাকমো, ফার্মাসিস্ট ও এমআরদের বিষয়ে জারিকৃত নির্দেশনায় বলা হয়েছে, সরকারি সরবরাহ নেই এমন কোন ওষুধ চিকিৎসা ব্যবস্থাপত্রে লেখা যাবে না। অফিস চলাকালিন সময়ে হাসপাতালে হয় এমন কোন টেস্ট করানোর জন্য রোগিকে বাইরে পাঠানো যাবে না। বাইরে করাতে হলে তা অত্যন্ত প্রয়োজনীয় ও যৌক্তিকভাবে করা যাবে। টিকিট ছাড়া কোন ওষুধ হাসপাতাল ফার্মেসী থেকে নেওয়া যাবে না এবং কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে অবশ্যই টিকিট কাটতে হবে।

অপরদিকে ওষধ বিপণন কর্মকর্তাদের (এমআর) জন্য নির্দেশিকায় বলা হয়েছে, শুধুমাত্র বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে ২টা পর্যন্ত চিকিৎসকদের সাথে এমআরগন সাক্ষাত করতে পারবেন। এ সময়ের বাইরে তারা হাসপাতালে অবস্থান করতে পারবে না। এমআররা কোন প্রেসক্রিপশনের ছবি তুলতে পারবেন না।

কোন ওষুধ কোম্পানির প্রডাক্ট প্রমোশনের অনুষ্ঠান আয়োজন করতে চাইলে প্রতিষ্ঠান প্রধানের সঙ্গে আলোচনা ও অনুমতি নিতে হবে

কিন্তু কোন অর্থ লেনদেন করতে পারবে না এবং বিষয়টি সিভিল সার্জনকে অবহিত করতে হবে।

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এম রিয়াজুল আলম বলেন, নির্দেশনার বিষয়টি কঠোরভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ঠদের বলা হয়েছে।

অপরদিকে অন্যান্য যে বিষয়গুলো রয়েছে তাও কঠোরতার সাথে দেখা হচ্ছে। মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের যা যা করণীয় সে বিষয়ে কোন প্রকার ছাড় দেওয়া হবে না বলেও উল্লেখ করেন তিনি।